

40

চট্টগ্রাম ভাসিটির খাতা কলেংকারি

পরীক্ষা নিয়ন্ত্রকসহ

২ জন বরখাস্ত ॥

৪ শিক্ষকের শাস্তি

চট্টগ্রাম অফিস ॥ গতকাল
বৃহস্পতিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের
সিণ্ডিকেটের এক সভায় '৯৩
সালের ডিগ্রী (পাস) পরীক্ষার খাতা
কলেংকারীর ঘটনায় জড়িত থাকার
অভিযোগে পরীক্ষা নিয়ন্ত্রকসহ
২ জনকে চাকুরীচ্যুত ও দর্শন
বিভাগের ৪ জন শিক্ষকের বিরুদ্ধে
শাস্তিগূলক ব্যবস্থা গ্রহণ করা
হইয়াছে। ১৯৯৩ সালের বিএ
(পাস) পরীক্ষার কয়েকজন পরীক্ষা
(১১শ পৃঃ ৮-এর কঃ প্রঃ)

চট্টগ্রাম ভাসিটির খাতা

(১ম পৃঃ পর)

৷ঁর দর্শন বিষয়ের খাতা অদল-
বদল করার ঘটনা '৯৪ সালে
ধরা পড়িলে ৫ সদস্যের একটি
তদন্ত কমিটি গঠন করা হয়।
তদন্ত কমিটির প্রাথমিক রিপোর্ট
অনুযায়ী ইতিপূর্বে পরীক্ষা নিয়ন্ত্রক
জি এম নতিক খান ও ইউডি
ক্লার্ক আবদুল সাত্তার আধলকে
সাসপেন্ড করা হইয়াছিল। গত-
কালকের সিণ্ডিকেটের সভায় এ
দুইজনকে স্থায়ীভাবে চাকুরীচ্যুত
ছাড়াও দর্শন বিভাগের সহকারী
অধ্যাপক মোজাফফর আহমদ ও
প্রভাষক মোজাম্মেল হোসেনের
১টি করিয়া ইনক্রিমেন্ট কর্তন এবং
সহযোগী অধ্যাপক আফসার আলী
ও আবদুল খালেককে এক বৎসরের
জন্য কোন পরীক্ষা পরিচালনা
হইতে বিরত রাখার সিদ্ধান্ত নেওয়া
হয়।